# মদন পৌরসভা কার্যালয়
জাহাঙ্গীরপুর, উপজেলা-মদন
জেলা-নেত্রকোনা।
madanpoum@gmail.com


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-ম/পৌ/২০২২/১৩০ — তারিখ : ১১-১০-২০২২ ইং

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের (পৌর-২ শাখা) স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৪.১১.১১৩.১৬-৩০০, তারিখ : ২৬-০৪-২০২২ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক মদন পৌরসভায় নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি লোক নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল/জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী এসেসর | ০১ (এক)টি | গ্রেড-১৫<br>৯,৭০০-২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী |
| ০২ | সহকারী কর আদায়কারী | ০১ (এক)টি | গ্রেড-১৫<br>৯,৭০০-২৩৪৯০ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী |
| ০৩ | নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক | ০১ (এক)টি | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০ | স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলায় ৩০ এবং ইংরেজিতে ৪০ শব্দের গতি থাকতে হবে। |
| ০৪ | আদায়কারী (বাজার) | ০১ (এক)টি | গ্রেড-১৬<br>৯,৩০০-২২,৪৯০ | স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা |

**শর্তাবলী ঃ**

০১। প্রার্থীকে মেয়র, মদন পৌরসভা, নেত্রকোনা বরবর আবেদন করতে হবে।

০২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নিজের নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) ৩০-১০-২০২২ খ্রিঃ তারিখে বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) নিজ জেলা, (ট) বৈবাহিক অবস্থা, (ঠ) শিক্ষাগত যোগ্যতা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে (ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত), (খ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীলদ্বারা চারিত্রিক সনদপত্র। (ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি। (ঙ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ পত্রের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি।(চ) পরীক্ষার ফিঃ বাবদ ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার মেয়র, মদন পৌরসভা, নেত্রকোনার অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। (ছ) প্রার্থীর নাম, ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৯.৫X৪.৫ সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। আবেদপত্র আগামী ৩০-১০-২০২২ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে অত্র অফিসে পৌছাতে হবে। উল্লেখ্য, সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। তা ছাড়া অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বেপ্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৬। ৩০-১০-২০২২ ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তানদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি/নাতনী হলে মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক উল্লেখপূর্বক পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে পৌরসভার চাকুরী বিধিমালা ১৯৯২ এবং এ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১০। সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সকল প্রকার কোটা সংরক্ষণসহ নীতিমালা অনুসরণ করা হবে।

১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। যে কোনো আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে যে কোনো ধরনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ সাইফুল ইসলাম)
মেয়র
মদন পৌরসভা, নেত্রকোনা

জিসি-২৬৬৬/১০/২২ (৮"x৩)